

জন অংশগ্রহণ

স্বচ্ছতা ও জবাবদিহিতা

বিধিতদের অধিকার



কোস্ট ফাউন্ডেশন এর মাধ্যমে জন প্রতিষ্ঠানসমূহে নাগরিকদের অংশগ্রহণ (সিইপিআই) প্রকল্প বাস্তবায়ন করে যাচ্ছেন। মানুষের জন্য ফাউন্ডেশন এর কারিগরি সহায়তায় ও এফসিডিওর আর্থিক সহায়তায় সিইপিআই প্রকল্প ভোলা জেলার ভোলা সদর, পৌলতখান ও লালমোহন উপজেলায় বাস্তবায়ন করছে। প্রকল্পের মূল লক্ষ্য হচ্ছে জন প্রতিষ্ঠানসমূহে স্থানীয় নাগরিকদের অংশগ্রহণ বৃদ্ধির মাধ্যমে দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য বিভিন্ন সুযোগ ও সেবার ক্ষেত্র সৃষ্টি করা।

**লর্ডহার্ডিঞ্জ ইউনিয়নে জন-অংশগ্রহণের ভিত্তিতে পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন এর ফলে ইউনিয়নের জনগুরুত্বপূর্ণ রাস্তা বাস্তবায়ন**



**লর্ডহার্ডিঞ্জ ইউনিয়নের ডিসিরোড হতে বেড়িবাঁধ পর্যন্ত কাচা রাস্তা পূর্ননির্মাণ ছবি:নোমান শরীফ-সিইপিআই প্রকল্প**

ভোলা জেলার লালমোহন উপজেলার লর্ডহার্ডিঞ্জ ইউনিয়নে জন-অংশগ্রহণের ভিত্তিতে প্রণীত স্থানীয় সরকারের ইউনিয়ন পরিষদ পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা হতে কাজের বাস্তবায়ন এর ফলে জন-অংশগ্রহণ মূলক কাজ বাস্তবায়নে জনগনের আশার প্রতিফলন ঘটছে। ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের জন গুরুত্বপূর্ণ এ রাস্তার বাস্তবায়ন যেন সকলের মনের আশার প্রতিফলন ঘটতে পারে এর ফলে ইউনিয়নের প্রায় ৬ হাজার মানুষের উপকার হয়েছে। এলাকার জনগনের চলাচলের জন্য এটি খুবই গুরুত্ব বহন করে। স্থানীয় বাসিন্দাদের কাছ থেকে জানা যায় ২০১৯ সাল থেকে কোস্ট ফাউন্ডেশন ও ইউনিয়ন পরিষদের সার্বিক সহায়তায় ওয়ার্ড উন্নয়ন পরিকল্পনা সভা (ওয়ার্ড সভা) অনুষ্ঠিত হয় এ ওয়ার্ড সভার বিভিন্ন শ্রেণী পেশার জনগনের উপস্থিতিতে ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে। তাদের মতামতের ভিত্তিতে সে কাজের অগ্রাধিকার নির্ধারণ করা হয়েছে। এ অগ্রাধিকার নির্ধারণ থেকে ইউপি চেয়ারম্যান তার ইউনিয়নের উন্নয়ন বরাদ্দ হতে কাজ বাস্তবায়ন করেছেন। এ বাস্তবায়নের ফলে ইউনিয়নের নারী ও শিশুদের বিদ্যালয়ে গমন সহ হাটবাজারে আশা যাওয়ার ক্ষেত্রে যথেষ্ট গুরুত্বপূর্ণ বলে জানান এলাকা বাসিন্দা। তারা বলেন পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা পর্যালোচনায় স্থানীয় পরিকল্পনা ইউনিয়নের সকল শ্রেণীর জনগনের মতামত বাস্তবায়নে একদিকে যথেষ্ট ভূমিকা রাখছে অন্যদিকে জনগনের যথেষ্ট উপকার হচ্ছে।

পরিকল্পনার প্রকাশনাতুলে দিচ্ছেন ইউপি চেয়ারম্যান নাগরিক ফোরাম এর সদস্য ও স্টেকহোল্ডারদের মাঝে।



**ভোলা সদর উপজেলার ৯ নং চরসামাইয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহিউদ্দিন মাতাব্বর পঞ্চ বাষিকী উন্নয়ন পরিকল্পনা প্রকাশনা তুলে দিচ্ছেন নাগরিক ফোরাম ও সরকার কর্মকর্তাদের। ছবি:কামরুল আলম-সিইপিআই প্রকল্প।**

ভোলা সদর উপজেলার ৯ নং চরসামাইয়া ইউনিয়ন পরিষদ ২০২১-২২ হতে ২০২৫-২৬ অর্থবছরের পঞ্চ বাষিকী উন্নয়ন পরিকল্পনা প্রকাশনা প্রনয়ন করেছেন সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সম্পাদনায় এ প্রকাশনা প্রনয়ন করা হয়েছে। এখানে রয়েছে ইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিক বাজেট ও পরিকল্পনা প্রনয়নের পেশাপট, পঞ্চবার্ষিকী উন্নয়ন পরিকল্পনা প্রনয়নের উদ্দেশ্য, ওয়ার্ড ভিত্তিক অগ্রাধিকার পঞ্চবার্ষিক উন্নয়ন ও অভিযোজন কর্মপরিকল্পনা প্রনয়ণ পদ্ধতি, পঞ্চবার্ষিক পরিকল্পনা বই প্রনয়নের সীমাবদ্ধতা, সংশ্লিষ্ট ইউনিয়নের সংক্ষিপ্ত পরিচিতি, ইউনিয়ন হিসেবে পদযাত্রা, ইউনিয়নের ভৌগোলিক অবস্থান, আয়তন ও জনসংখ্যা, ভূ-প্রকৃতি, ফসল, প্রাকৃতিক সম্পদ, পশুপাখি, যোগাযোগ ও পরিবহন, অর্থনৈতিক কর্মকাণ্ড, নদ-নদীও খাল, একনজরে ইউনিয়নের সামাজিক আবকাঠামো সমূহ, ওয়ার্ড ভিত্তিক আবকাঠামোগত ও নন-অবকাঠামোগত উন্নয়ন পরিকল্পনা, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের উন্নয়ন কার্যক্রমের চিত্র। এ ধরনের তথ্য সম্বলিত প্রকাশনা তুলে দেওয়া হচ্ছে ইউনিয়ন নাগরিক ফোরাম, বিভিন্ন প্রতিষ্ঠান প্রধান, রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সুশীল সমাজ, সেক্টর ভিত্তিক সরকারি কর্মকর্তা, সাংবাদিক, সহ বিভিন্ন শ্রেণী ও পেশার জনগণের হাতে প্রকাশনা তুলে দেন।

**জেলা নাগরিক ফোরাম ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ভোলা সদর উপজেলার ২নং ইলিশা ইউনিয়নে সার বীজ**

ডিলারএরবিক্রয়প্রতিষ্ঠানপরিদর্শন:



আল মামুন –জেলা নাগরিক ফোরাম সহসভাপতি ও মাসুম বিল্লাহ – উপসহকারী কৃষি অফিসার ২নং ইলিশা ইউনিয়নে সার বীজ ডিলার এর বিক্রয় প্রতিষ্ঠান এর দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির মূল্যতালিকা ও অন্যান্যকাজ পত্র পর্যালোচনা করছেন।

লালমোহনের বদরপুর ইউনিয়নে

নাগরিক ফোরামের উদ্যোগে টিউবওয়েল মেকানিক্স এর মাধ্যমে নস্ট গভীর নলকূপ সংস্কার।



লালমোহন উপজেলার বদরপুর ইউনিয়নে নাগরিক ফোরামের উদ্যোগে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নলকূপ মেকানিক্স নলকূপ সংস্কার করছেন ছবি:ফাহিমা আক্তার-সিইপিআই প্রকল্প।

ভোলায় জেলা সার বীজ মনিটরিং কমিটির সদস্য ও কোস্ট ফাউন্ডেশন



এর জেলা নাগরিক ফোরাম সহসভাপতি আল-মামুন, ২ নং ইলিশা ইউনিয়ন উপ-সহকারী কৃষি অফিসার মাসুম বিল্লাহ ও কোস্ট প্রতিনিধি সোহাগ হোসেন সহ ভোলা সদর উপজেলার ২নং ইলিশা ইউনিয়নে সার বীজ ডিলার এর বিক্রয় প্রতিষ্ঠান পরিদর্শন। গত ১২ এপ্রিল '২০২২ বিভিন্ন সভার এ্যাকশন প্লান অনুযায়ী উক্ত টিম মাঠ পরিদর্শনের জন্য যথাযথ পরিকল্পনার ভিত্তিতে পরিদর্শন করেন উক্ত টিম পরিদর্শন কালীন সময়ে সার বীজ বিক্রয়ের মূল্য তালিকা, বিক্রয়ের রশিদ, গুণগতমান সহ সেবার মান পরিদর্শন কালীন পর্যালোচনা করেন।

ভোলা জেলার লালমোহন উপজেলার ১ নং বদরপুর ইউনিয়নের ইউনিয়ন নাগরিক ফোরাম ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের জনসাধারণের সুপেয় পানির সংকট নিরসনে তাদের এলাকার নস্ট গভীরনলকূপ সংস্কারের জন্য ইউনিয়ন নাগরিক ফোরাম এর সভায় পরিকল্পনা গ্রহণ করেন। তাদের গৃহিত পরিকল্পনার প্রেক্ষিতে ইউনিয়ন নাগরিক ফোরামের সোহেল তালুকদার, কবির হোসেন ও এলাকার জনসাধারণ এ কার্যক্রমে যুক্ত হন এবং ইউনিয়নে দায়িত্বপ্রাপ্ত জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নলকূপ মেকানিক্সএর মাধ্যমে ইউনিয়নের ৩টি গভীর নলকূপ সংস্কার করা হয়। নস্ট গভীর নলকূপ সংস্কার করে এলাকার জনসাধারণের নিরাপদ সুপেয় পানির সমস্যা নিরসন করার ফলে প্রায় ৩০ টি পরিবার এর সুপেয় পানির সংকট নিরসন করায় এলাকার জনসাধারণের কাছে নাগরিক ফোরাম এর গ্রহণযোগ্যতা বেড়েছে এবং সরকারের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে সকলের সাথে পরিচিতি ও সরকারের জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নলকূপ মেকানিক্স এর কাজের গ্রহণ যোগ্যতা বেড়েছে। এ ছাড়া ও কোস্ট ফাউন্ডেশনের জন-প্রতিষ্ঠান সমূহে নাগরিকদের অংশগ্রহণ প্রকল্পের মাধ্যমে ইউনিয়নে দায়িত্বশীল কর্মকর্তাদের যুক্ত করে সেবা প্রদান করা হয়েছে।

প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন: লক্ষ্য ও অর্জন-এপ্রিল ২০২২

ক্রম	কার্যক্রম	লক্ষ্য	অর্জন
১	ওয়ার্ড নাগরিক কমিটির সভা	৩৫	৩৫

এই প্রকাশনাটি তৈরিতে প্রয়োজনীয় তথ্য দিয়ে সিইপিআই প্রকল্পের সকল সহকর্মী সহযোগিতা করেছেন। বিস্তারিত তথ্য ও যোগাযোগের জন্য: মোবাইল: ০ ১৭০৮ ১২ ০৪ ০৭

ইমেইল: [fazlu@coastbd.net](mailto:fazlu@coastbd.net) কোস্ট ফাউন্ডেশন, সিইপিআই প্রকল্প বাস্তবায়ন কার্যালয়, সার্কিট হাউজ রোড, সার্কিট হাউজ এর বিপরীত পাশে, চরনোয়াবাদ, ভোলা সদর, ভোলা থেকে প্রকাশিত ও সংরক্ষিত। কোস্ট ওয়েবসাইট ভিজিট : [www.coastbd.net](http://www.coastbd.net).

COAST has Special Consultative Status with the UNECOSOC